



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

বিজ্ঞপ্তি

সম্প্রতি সরকারের গোচরীভূত হয়েছে যে, আসন্ন এস.এস.সি. পরীক্ষা কেন্দ্র করে দেশের বিভিন্ন সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলি কোচিং ফিসহ নানাবিধ অতিরিক্ত ফি আদায় করছে যার ফলে অভিজাবকগণ নানাভাবে হয়রানির শিকার হচ্ছেন, যা কাম্য নয়। বোর্ডের প্রচলিত বিধান অনুযায়ী মানবিক বিভাগে ৫৩০/-, বিজ্ঞান বিভাগে ৬১০/- এবং বাণিজ্য বিভাগে ৫৩০/- টাকা করে ফি আদায় করার কথা। যুক্তিসঙ্গত কারণে কোন প্রতিষ্ঠান যদি-এর বাইরে ফি আদায় করতে চায় তাহলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বনুমতি নিয়ে তা করা যেতে পারে। অন্যথায় বিধিবহির্ভূত অর্থ আদায় শাস্তিমূলক অপরাধ বলে বিবেচিত হবে। এমতাবস্থায়, দেশের সকল সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের উল্লেখিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করাসহ নিয়মনীতির বাইরে কোন প্রকার অর্থ আদায় না করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। নির্দেশনা লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের বিরুদ্ধে কুলের রেজিস্ট্রেশন বাতিল ও শিক্ষকদের এমপিও বন্ধ করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ডিএফপি- ৩২২১৪-১/১/০২

(মোঃ ইউনুসুর রহমান)

স-৪৫(৫x২)

সিনিয়র সহকারী সচিব।